গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.২২৩.২৬-২৪০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

প্রজ্ঞাপন

মিজ্ হালিমা খাতুন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা অফিস, চুয়াডাঙ্গা-এর বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগের পত্র হতে জানা যায় যে, প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদন না করেও মুক্তিযুদ্ধা সন্তানের কোটায় ২৯তম বিসিএস-এ পরিবার পরিকল্পনা ক্যাডারে নিয়োগ লাভের অভিযোগে মিজ্ হালিমা খাতুন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা অফিস, চুয়াডাঙ্গা-এর বিরুদ্ধে দন্ডবিধির ৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ৫(২) ধারায় দুর্নীতি দমন কমিশনে মামলা রুজু করা হয়। এ সকল অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রশাসনিক কারণে এবং দাপ্তরিক শৃঙ্খলার স্বার্থে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ মোতাবেক মিজ্ হালিমা খাতুন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা অফিস, চুয়াডাঙ্গা-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০৩। তিনি প্রচলিত বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন নির্ধারিত হারে খোরাকী, বাড়িভাড়া, চিকিৎসা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মো: কামরুজ্জামান চৌধুরী)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.২২৩.২৬-২৪০

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪৩৩ / ০৯ আগস্ট, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ);
৩। যুগ্মসচিব.(পার-২ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ);
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ);
৭। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, চুয়াডাঙ্গা;
৮। মিজ্ হালিমা খাতুন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা অফিস, চুয়াডাঙ্গা।

০৯/০৮/২০২৬

(মোছা: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd